

আল-ফুরকান | Al-Furqan | الْفُرْقَان

আয়াতঃ ২৫ : ৮

আরবি মূল আয়াত:

أَوْ يُلْقَىٰ إِلَيْهِ كَنْزٌ أَوْ تَكُونُ لَهُ جَنَّةٌ يَأْكُلُ مِنْهَا ۚ وَقَالَ الظَّالِمُونَ إِن
تَتَّبِعُونَ إِلَّا رَجُلًا مَّسْحُورًا ﴿٨﴾

অনুবাদসমূহ:

অথবা তাকে ধনভান্ডার ঢেলে দেয়া হয় না কেন অথবা তার জন্য একটি বাগান হয় না কেন যা থেকে সে খেতে পারে?’ যালিমরা বলে, ‘তোমরা শুধু এক যাদুগ্রস্ত লোকের অনুসরণ করছ’। — আল-বায়ান

কিংবা তাকে ধন-ভান্ডার দেয়া হয় না কেন, অথবা তার জন্য একটা বাগান হয় না কেন যাথেকে সে আহার করত?’ যালিমরা বলে- ‘তোমরা তো এক যাদুগ্রস্ত লোকেরই অনুসরণ করছ।’ — তাইসিরুল

তাকে ধন ভান্ডার দেয়া হয়নি কেন, অথবা কেন একটি বাগান দেয়া হলনা যা হতে সে খাদ্য সংগ্রহ করতে পারে? সীমালংঘনকারীরা আরও বলেঃ তোমরাতো এক যাদুগ্রস্ত ব্যক্তিরই অনুসরণ করছ। — মুজিবুর রহমান

Or [why is not] a treasure presented to him [from heaven], or does he [not] have a garden from which he eats?" And the wrongdoers say, "You follow not but a man affected by magic." — Sahih International

৮. অথবা তার কাছে কোন ধনভাণ্ডার এসে পড়ল না কেন অথবা তার একটি বাগান নেই কেন, যা থেকে সে খেতো? আর যালিমরা আরো বলে, তোমরা তো এক জাদুগ্রস্ত ব্যক্তিরই অনুসরণ করছ।

তাকসীরে জাকারিয়া

(৮) তাকে ধনভান্ডার দেওয়া হয় না কেন[১] অথবা তার একটি বাগান নেই কেন, যা হতে সে আহার সংগ্রহ করতে পারে?’[২] সীমালংঘনকারীরা আরও বলে, ‘তোমরা তো এক যাদুগ্রস্ত ব্যক্তিরই অনুসরণ করছ।’[৩]

[১] যাতে সে জীবিকা-উপার্জনের ব্যাপারে নিশ্চিত থাকত।

[২] যাতে তার অবস্থা আমাদের তুলনায় তো কিছু ভালো হত।

[৩] যার জ্ঞান-বুদ্ধি যাদু-প্রভাবিত ও বিকৃত।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2863>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন